দৈনিক

11 MAR 2008

# ‘শিক্ষা অধিদফতরে শিক্ষকদের ঢুকতে নজরানা দিতে হয়’

**স্টাফ রিপোর্টার ॥** শিক্ষা অধিদফতরে শিক্ষকদের হয়রানি বন্ধ, শিক্ষা ক্ষেত্রে সরকারী বেসরকারী বৈষম্য দূরীকরণের দাবিতে সংবাদ সম্মেলন করেছে শিক্ষক কর্মচারী ঐক্যজোট। সম্মেলনে বক্তারা বলেন, শিক্ষার মান উন্নয়নে আমাদের সহযোগিতা ও প্রচেষ্টা অব্যাহত থাকলেও সরকারের কাছ থেকে সে রকম সাড়া পাওয়া যায় না। শিক্ষা অধিদফতর প্রসঙ্গে তারা বলেন, বর্তমানে শিক্ষকদের অধিদফতরে ঢুকতে হলে নজরানা দিয়ে ঢুকতে হয়।

এর পরেও বেসরকারী কলেজের শিক্ষকদের এই প্রতিষ্ঠানে এসে হয়রানির শিকার হতে হয়। শিক্ষা অধিদফতর থেকে (২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## শিক্ষা অধিদফতরে

(প্রথম পাতার পর)

নানা অভিযোগ দেখিয়ে অভিজ্ঞ কর্মচারীদের অন্যত্র বদলি করা হলেও শিক্ষকদের সঙ্গে খারাপ আচরণকারী কর্মকর্তারা এখন বহাল তবিয়তে রয়েছে বলে তারা উল্লেখ করেন।

সোমবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত সংবাদ সম্মেলনে মূল প্রবন্ধ পড়ে শোনান, শিক্ষক কর্মচারী ঐক্যজোটের সমন্বয়ক অধ্যক্ষ মোঃ সেলিম ভূইয়া। উপস্থিত ছিলেন, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির মহাসচিব চৌধুরী মুগিসউদ্দিন মাহমুদ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক সমিতির সভাপতি মাওলানা এমএ লতিফ, বাংলাদেশ প্রধান শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ জাকির হোসেন, বাংলাদেশ উচ্চ মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব মাহবুবুর রহমান ও বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের সভাপতি কামরুজ্জামান মিজান প্রমুখ।

সম্মেলনে নেতৃবৃন্দ বেসরকারী শিক্ষকদের বাসা ভাড়া ১০০ টাকা দেয়ার বিষয়টি হাস্যকর বলে উল্লেখ করেন। অবিলম্বে তাদের বাড়ি ভাড়া বৃদ্ধি করা না হলে তারা যে ১০০ টাকা পান তা ফেরত দেয়ার সিদ্ধান্ত নিয়েছেন বলে সাংবাদিকদের জানিয়েছেন।

সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ শিক্ষা ক্ষেত্রে সরকারী বেসরকারী বৈষম্য দূরীকরণের দাবি করেন। তারা বলেন, দেশের ৯৮ ভাগ শিক্ষার দায়িত্ব বহন করতে হয় বেসরকারী শিক্ষকদের। অথচ বেতন ভাতার ক্ষেত্রে সরকারী ও বেসরকারী শিক্ষকদের মধ্যে রয়েছে পর্বতসম বৈষম্য। বিরাজমান এই বৈষম্য দূর করা না হলে শিক্ষা ক্ষেত্রে উন্নয়ন আসবে না বলে তারা উল্লেখ করেন।

পূর্বের নিয়ম বাদ দিয়ে প্রচলিত নিয়মে চিকিৎসা ভাতা ও ইনক্রিমেন্ট প্রদানেরও দাবি করেন তারা। একই সঙ্গে কলেজ ও বিদ্যালয়ের শিক্ষকদের প্রাইভেট টিউশনি বন্ধের নির্দেশ বাতিলের দাবি করেন শিক্ষক নেতারা। শিক্ষকদের বেতন বৃদ্ধির পর এই নির্দেশ জারি করলে ফল পাওয়া যাবে